

## নষ্টালজিয়া

আমি নির্দিধায় বলতে পারি,  
শানিত্তা, আজ কিংবা পাঁচ বছর পর কিংবা  
তার ও পরে ভাববে ... ..  
আমাকে কিংবা আমার মতোই  
অন্য কোন পুরুষকে  
যার ছোঁয়া তখন তোমার প্রয়োজন হবেই ।

বেডরুমের পর্দা আলতো সরিয়ে  
কিংবা বেলকনিতে দাড়িয়ে থেকে  
সামনে ছড়ানো সবুজ ঘাসের চত্বরে  
তুমি কল্পনা করবে আমার পোট্রেট ।

তুমি যতই নিজেকে ভোলাও ।  
আমার স্পর্শ বিনে তোমার এ যাত্রা  
একাকী চলা নয় ।  
নিয়ে চলা আমার স্পর্শ  
আমর অনুভূতি,  
আমার সাথে কাটানো সময় ।

মনে রেখো  
আমার সাথে কাটানো সময়  
তোমাকে নষ্টালজিয়ায় ভোগাবেই ।

জাভেদ আকতার  
প্রথমকবিতা@জিমেইল.কম ।